আজকের কাগজ

তারিখ 25 JUL 1993
পৃষ্ঠা ৮ কলাম ৫

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্র ঐক্যের অবস্থান ধর্মঘট পালিত

**রাজশাহী থেকে হোসেন শহীদ সুমন ঃ** বর্ধিত ছাত্র বেতন, পরীক্ষা ফিসহ বর্ধিত অন্যান্য চার্জ প্রত্যাহার এবং কোষাধ্যক্ষ পদে বিতর্কিত মকবুল হোসেনকে নিয়োগ বাতিলের দাবিতে আহূত ৮ দলীয় ছাত্র ঐক্যের পূর্বনির্ধারিত কর্মসূচি অনুযায়ী গতকাল সকাল ১১ টায় বিক্ষোভ মিছিল শেষে, প্রশাসনিক ভবনের সামনে অবস্থান ধর্মঘট করার জন্যে সমবেত হলে পুলিশ সে সময় ছাত্রদের বাধা দেয়। ছাত্ররা এ সময় প্রশাসন ভবনের উত্তর গেটে অবস্থান নেয় এবং দীর্ঘদিন যাবত তালা দিয়ে আটকে রাখা কলাপসিবল গেটের তালা ভেঙ্গে ফেললে পুলিশ আবারও ছাত্রদের ওপর চড়াও হয়। এ সময় বিক্ষুব্ধ ছাত্রদের সঙ্গে পুলিশের ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনাও ঘটে। বিক্ষুব্ধ ছাত্ররা একপর্যায়ে পুলিশের প্রতি বেপরোয়া ইটপাটকেল নিক্ষেপ করে। পরে পুলিশ প্রশাসনিক ভবনের ভেতরে অবস্থান নিলে ছাত্র ঐক্য কর্মিরা ভবনের উত্তর গেটে তাদের পূর্ব নির্ধারিত অবস্থান ধর্মঘট কর্মসূচি পালন করে। ধর্মঘট চলাকালীন সময়ে অনুষ্ঠিত ছাত্র সমাবেশে ছাত্রনেতা নায়েব উদ্দিন বাবলু, সাইফুল ইসলাম পলাশ, গোলাম মোস্তফা ও এম এ গনিসহ প্রমুখ ছাত্রনেতারা সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। সভায় বক্তারা শান্তিপূর্ণ আন্দোলনের সময়ে পুলিশী হস্তক্ষেপের তীব্র নিন্দা জানান। সমাবেশ শেষে ভিসিকে একটি স্মারকলিপি প্রদান করা হয়।

এদিকে বিতর্কিত মকবুল হোসেনের নিয়োগ বাতিলের দাবিতে রা.বি, শিক্ষক সমিতি আহূত লাগাতার কর্মবিরতি কর্মসূচি গতকাল ৫ম দিনের মত অব্যাহত থাকে। ৫ম দিনেও রা.বি,তে কোন ক্লাস হয়নি। শিক্ষক সমিতি সূত্রে জানা গেছে, ছাত্র-ছাত্রীদের স্বার্থের কথা চিন্তা করে সমিতি শিগগিরই তাদের বর্তমান আন্দোলন এর কৌশল পরিবর্তন করে, নিয়োগ বাতিলের লক্ষ্যে বৃহত্তর আন্দোলন কর্মসূচি হাতে নিচ্ছেন। সার্বিক পরিস্থিতি বিশ্লেষণ ও নতুন কর্মসূচি প্রদানের লক্ষ্যে আজ সন্ধ্যায় শিক্ষক সমিতি এক জরুরি সাধারণ সভায় মিলিত হবেন।